

# গিজ্জিগাডাস আর জোনাকিরা

গোপিনী করুণাকর| ছবি এঁকেছেন অতনু রায়

কথা থেকে প্রকাশিত একটি 300m থিংকবুক



কোনও এক চাঁদের যুগে কয়েকটি সোনালি গিজ্জিগাডাস পাখি আলোর জন্য প্রার্থনা করার উদ্দেশ্যে উড়তে উড়তে ঈশ্বরের রাজ্যে পৌঁছে যায়।

"দেভুডা, দেভুডা!" গিজ্জিগাডাসরা বলল।`



"মেয়েদের আলো আছে,
তারা তা জ্বালাতে পারে।"




"কোবরার
মাথায় মণি আছে,
সেই আলোয় সে পথ
চলতে পারে।"


"অন্ধকারে প্যাঁচাদের চোখ
জ্বলজ্বল করে।"



"কিন্তু আমাদের
বাসাতে শুধুই
আঁধার। রাতে ঘুম
ভাঙলে আমাদের
বাচ্চারা ভয় পায়।"

"দয়া করে আমাদের আলো
দাও!" তারা প্রার্থনা জানাল।



দেভুডা সোনালি গিজ্জিগাডাসদের পছন্দ করলেন। তিনি হেসে বললেন, "আমার ছোট্ট বন্ধুরা, আমি তোমাদের সাহায্য করব! আমি নিশ্চিত যে একসাথে মিলে আমরা একটা সমাধান বার করব।"




কাজেই তারা একসাথে মিলে একটা সমাধান বার করার চেষ্টা করতে লাগল।



একটা গিজ্জিগাডাস
এক বুদ্ধি বের করল।



সে বলল, "চাঁদের সাথে
আকাশের ঘষা লেগে
চন্দ্রকণা তৈরি হয়। এই
চন্দ্রকণাগুলি জোনাকি
হয়ে উড়ে যায়।"



"তো?" অন্যরা বলল। "তো,
অনেক অনেক জোনাকি!
আমরা কি জোনাকিদের
কাছে সাহায্য চাইতে পারি?"
সে জিজ্ঞাসা করল।

"ওমা, হ্যাঁ!!!" সবাই
একসাথে বলে উঠল।

আকাশে উড়ে
গিজ্জিগাডাসরা আর দেভুডা
জোনাকিদের কাছে সাহায্য
চাইতে গেল।

তাদের বন্ধু জোনাকিরা গিজ্জিগাডাসদের কথা শুনল।



তারা বলল, "তোমাদের সাহায্য করতে পারলে আমরা খুশি হব।"



জোনাকিরা বলল, "নরম
মাটি দিয়ে তোমাদের বাসা
তৈরি কর।"

"আমরা সেখানে এসে থাকব
তোমাদের ঘর আলো করে। তাহলে
তোমাদের সন্তানরা কখনই আর
অন্ধকারে থাকবে না।"

সেইজন্য, তখন থেকেই
সোনালি গিজ্জিগাডাসদের বাসা
চন্দ্রকণা জোনাকিদের নরম
আলোয় উজ্জ্বল হয়ে থাকে।



# সাহায্যকারী পতঙ্গ

জোনাকিদের মতোই, প্রকৃতির জগতে অন্যান্য পতঙ্গরাও আছে, যারা পশু এবং মানুষেদেরও সহায়তা করে। সাহায্যকারী পতঙ্গগুলির বর্ণনার সাথে সেগুলির নাম কি তুমি মেলাতে পারবে?

1. একটি সুস্বাদু মিষ্টি বস্তু তৈরি করে, যা দেখলে মানুষ আর ভালুকের মুখ দিয়ে একই ভাবে লালা ঝরে পড়ে।`

2. সবচেয়ে সুন্দর পতঙ্গগুলির মধ্যে একটি, যা বৈশিষ্ট্যমূলক দাগগুলির জন্য পরিচিত।কৃষকদের জন্য খুবই সাহায্যকারী।

3. পরিষ্কার করার পোকা, এটি গোবর সংগ্রহ করে গড়িয়ে ছোট বল তৈরি করার মতো প্রচুর শক্তি রাখে।

4. বাগানের গাছপালা নষ্ট করে এমন পোকামাকড় খেয়ে সহায়তা করে। যদিও এর জাল থেকে সাবধান থাকতে হবে!

5. সাধারণত জলাভূমির আশেপাশে বসবাসকারী এদের দুই জোড়া ডানা থাকে, আর প্রতি সেকেন্ডে প্রায় 300 বার ডানা ঝাপটায়।

মাকড়সা


মৌমাছি

গঙ্গাফড়িং

গুবরেপোকা

লেডিবাগ

উত্তর শেষ পৃষ্ঠায়



# ঠোঁটওয়ালা বন্ধুরা

## গিজ্জিগাডাস সম্পর্কে তথ্য:

- গিজ্জিগাডাস পাখি তাঁতি পাখি পরিবারের সদস্য।
- এরা খুবই সামাজিক প্রাণী এবং দলবদ্ধ হয়ে থাকতে পছন্দ করে।
- উত্তর ভারতে সোন চিড়ি নামেও পরিচিত, গিজ্জিগাডাস পাখি অধিকাংশ ক্ষেত্রে আফ্রিকার পাখি, কিন্তু এদের কিছু প্রজাতি ভারত এবং মায়ানমারেও পাওয়া যায়।
- এরা ঘাস আর পাতার টুকরো দিয়ে তাদের আকর্ষণীয় বাসা বোনে।
- প্রজননের মৌসুমে পুরুষ তাঁতি পাখি জটিল বাসা তৈরির কাজ করে

# তৈরি হয়ে নাও, জ্বলো!

জোনাকি সম্পর্কে তথ্য:

- জোনাকিরা আলোর মাধ্যমে নিজের মধ্যে কথা বলে।
- তারা "ঠাণ্ডা আলো" তৈরি করে, যা পৃথিবীর সর্বাপেক্ষা কার্যকর আলো।
- প্রত্যেকটি জোনাকি প্রজাতির নিজস্ব নকশা আছে।
- কেবল বয়স্ক জোনাকিরাই জ্বলজ্বল করে না। কিছু প্রজাতিতে, লার্ভা এমনকি ডিম থেকেও আলো বার হয়।
- জোনাকিদের আয়ু কম হয়।

গোপিনীকরুণাকর - গোপিনী একজন কবি ও সাহিত্যিক। তিনি তেলেগু চলচ্চিত্র শিল্পের বিশিষ্ট পরিচালক এন শঙ্করের সহকারী পরিচালক। তাঁর অনেক কবিতা জনপ্রিয় তেলুগু জার্নাল এবং দৈনিক পত্রিকাগুলিতে ছাপা হয়েছে। তিনি বিশেষ ভাবে গল্প বলার মৌখিক শৈলী পছন্দকরেন - এটি তিনি তাঁর দৃষ্টিহীন ঠাকুমার কাছ থেকে পেয়েছেন এবং তাঁর নিজের লেখায় আবার ফিরিয়ে এনেছেন। তিনি বলেন, তাঁর লেখার মাধ্যমে তিনি তাঁর ছোটবেলার স্বপ্নময় রাতের স্মৃতিগুলোকে পুনরায় প্রত্যক্ষ করেন।

1988 সালে তামাশা নামে একটি শিশুদের ম্যাগাজিন দিয়ে গীতা ধর্মরাজন কথার প্রতিষ্ঠা করেছিলেন। শিক্ষাক্ষেত্রে সামাজিক কাজকর্মে তাঁর গভীর আগ্রহের ফলে সমাজের অনুন্নত সম্প্রদায় থেকে আসা শিশুদের জন্য বিশেষভাবে গল্প-ভিত্তিক একটি শিক্ষাপ্রণালী এবং পাঠ্যক্রম গড়ে ওঠে।।তাঁর বিশ্বাস বৈচিত্র্যের মাধ্যমে ঐক্য সৃষ্টির জন্য গল্প একটি মাধ্যম। এর আগে তিনি পেনসিলভানিয়ার আইভি লিগ বিশ্ববিদ্যালয়য়ের ম্যাগাজিন, দ্য পেনসিলভানিয়া গেজেট, এবং বাচ্চাদের ম্যাগাজিন, দ্য টার্গেট-এর সম্পাদকদের মধ্যে একজন ছিলেন। এটাই ছিল তাঁর পেশাদারি সম্পাদনার কাজের 31 বছরের অভিজ্ঞতার সূচনা। তাঁর সাফল্যের মুকুটে রয়েছে 31টি বই এবং 400-এরও বেশি প্রকাশনা।

অতনু রায় - 100টিরও বেশি বইয়ে কাজ করার কৃতিত্বের অধিকারী অতনু রায় তাঁর সৃষ্টি শক্তির অধিকাংশই ব্যয় করেছেন শিশু সাহিত্যের জন্য। গাঢ় ও প্রাণবন্ত রঙের ব্যবহারে রায় পাঠকদের হৃদয় জয় করেছেন। সুতরাং এতে আশ্চর্য হওয়ার কিছু নেই যে একসময়ের ইন্ডিয়া টুডের রাজনৈতিক কার্টুনিস্ট বই অলংকরণের জন্য চিলড্রেনস চয়েস অ্যাওয়ার্ড ফর বুক ইলাস্ট্রেশন এবং আইবিবিওয়াই সার্টিফিকেট অফ অনারের মতো পুরস্কার জিতেছেন। গুরগাঁও শহরে তাঁর স্টুডিও।

**কথা একটি বিশ্বব্যাপী স্বীকৃত অলাভজনক সংস্থা (www.katha.org),যা ১৯৮৮ সাল থেকে স্বাক্ষরতা থেকে সাহিত্য পর্যন্ত সব কিছু নিয়েই ধারাবাহিক ভাবে কাজ করে চলেছে। দরিদ্র শিশুদের জন্য প্রকাশনা এবং শিক্ষার ক্ষেত্রে আমাদের প্রায় ৩০ বছরের অভিজ্ঞতা রয়েছে।**

ভারতের মুকুটে একটি শিক্ষামূলক রত্ন। - নায়োউকি শিনোহারা, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, আইএমএফ

"বিশ্বের সমস্ত শহরগুলিতে সাধারণ এবং চরম দুর্দশা নিয়ে কর্মরত সমস্ত সৃজনশীল প্রকল্পগুলির একটি দৃষ্টান্ত হল কথা।"
- চার্লস ল্যান্ড্রি, দ্যা আর্ট অফ সিটি মেকিং

"শিশুদের জন্য কথার মনে সত্যিকারের একটি কোমল স্থান রয়েছে। তাই ... শিশুদের জন্য এই জাতীয় চমৎকার বইগুলির সৃষ্টি করে।"
— টাইম আউট

"কথা যে ধারণার ভিত্তিতে কাজ করে তা হল শিশুরা তাদের সমাজে বাস্তব এবং দীর্ঘস্থায়ী পরিবর্তন আনতে পারে, যেমন তারা [তাদের বইতে] আনে।"
— পেপারটাইগারস

**মূল তেলেগু গল্পের একটি অংশ থেকে গীতা ধর্মরাজন ইংরেজিতে পুনরায় লিখেছেন।**

এই সংস্করণটির প্রথম প্রকাশনা 2021
স্বত্ব © কথা, 2012, 2021
অনুবাদস্বত্ব © কথা
চিত্রস্বত্ব © কথা
এ3, সর্বোদয় এনক্লেভ, শ্রী অরবিন্দ মার্গ, নয়া দিল্লি 110 017
ফোন: 91-11 4141 6600 . 4141 6610
ই-মেইল: editors@katha.org, ওয়েবসাইট: www.katha.org
ISBN 978-93-82454-65-6

আমাদের উদ্দেশ্য: প্রতিটি শিশু যেন ভালোভাবে এবং আনন্দের জন্য পড়ে! ১৯৮৮ সালে শুরু হওয়া কথা একটি নিবন্ধীকৃত অলাভজনক সংস্থা। আমরা স্বাক্ষরতা থেকে সাহিত্য পর্যন্ত সব কিছু নিয়েই কাজ করি। শিশু ও প্রাপ্তবয়স্কদের আনন্দবর্ধনে নিয়োজিত থেকে, আমরা ১,০০,০০০-এরও বেশি দরিদ্র শিশুদের ভালো মানের বই ও সহায়তা দিয়ে গ্রেড-স্তরের পড়াশোনায় নিয়ে আসার জন্য কাজ করি।

সর্বস্বত্ব সংরক্ষিত! প্রকাশকের থেকে আগাম লিখিত অনুমতি ব্যতীত এই বইয়ের কোনও অংশই কোনও ভাবে পুনরুৎপাদন অথবা ব্যবহার করা যাবে না।

এই বইগুলির বিক্রয় থেকে প্রাপ্ত আয়ের ১০% অবহেলিত শিশুদের পড়াশোনা ও আজীবন শিক্ষার কর্মসূচিতে ব্যয় করা হয়।

উত্তরগুলি 1 মৌমাছি 2. লেডিবাগ 3. গুবরে পোকা 4. মাকড়সা 5. গঙ্গা ফড়িং




আপনার সন্তানদের সাথে নিয়ে বই পড়ুন।তাদের জগতকে কল্পনার রঙে রাঙিয়ে তুলুন।

"300 মিলিয়ন সিটিজেনস' চ্যালেঞ্জে যোগ দিন! এমন একটি জগৎ তৈরি করুন যেখানে শিশুরা আনন্দ পাওয়ার এবং জানার জন্য পড়ছে।
যোগদানের জন্য: 300m@katha.org
স্বেচ্ছাসেবার জন্য: volunteer@katha.org"

"আই লাভ রিডিং লাইব্রেরি হল বইয়ের একটি অনন্য সিরিজ, যা নতুন এবং দ্বিধাগ্রস্ত পাঠকদের সাবলীলভাবে পড়তে সহায়তা করে। পাঠের বিভিন্ন স্তরে থাকা শিশুদের শেখার প্রয়োজনীয়তা অনুসারে উচ্চমানের বিষয়বস্তু এবং নকশার সাহায্যে, এটি ভারত এবং বিশ্বের সেরা সাহিত্যিক সৃষ্টি এবং শিল্পকর্মকে একত্রিত করেছে। আমাদের বইগুলি গীতা ধর্মরাজনের স্টোরিপেডাগজি™ প্রকাশ করে - এটি একটি অনন্য শিক্ষামূলক মডেল, যা বিশেষভাবে প্রথম প্রজন্মের পাঠকদের পড়ার আনন্দকে বাড়িয়ে দেয়, এবং শিশুকে বিগ আইডিয়া এবং টা-ডার আকর্ষণীয় জগতে নিয়ে যায়!
(TA-DAA--ভাবুন, প্রশ্ন করুন, আলোচনা করুন, কাজ করুন এবং অর্জন করুন)।"

কথা-র হলিস্টিক আর্লি লার্নিং (খেল অথবা KHEL) ল্যাব সরকারি, অলাভজনক এবং বেসরকারি স্কুল শিক্ষকদের জন্য বিভিন্ন কর্মশালার আয়োজন করে। অনলাইনে চলা এই এফ2এফ (F2F--মুখোমুখি) কর্মশালাগুলি শিক্ষক, বিদ্যালয়ের প্রশাসক এবং স্বেচ্ছাসেবকদের "রিডিং টিচার্স সার্টিফিকেট" প্রদান করে। আরও জানার জন্য আমাদের 300m@katha.org-এ লিখুন

এই সমস্ত আইএলআর বইগুলি

আনন্দ নিতে এবং জানার জন্য পড়ুন











































FOR OUR BOOKS

www.books.katha.org

"গল্পের মাধ্যমে
ভারতের
বহুসাংস্কৃতিক
পরিচয়।"
– দ্যা পাইওনিয়ার

ছোটদের জন্য

কথা একটি বই

ISBN 978-93-88284-81-3

9 789388 284813

` XXX

www.katha.org

ইন্ডিগো সিরিজ